গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিকের অগ্রগতির উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবু জাফর<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর বিভাগ, রংপুর। |
| তারিখ | : | ২৭.০৪.২০২৩ খ্রিঃ। |
| সময় | : | বেলা ০২.৩০ ঘটিকা। |
| স্থান | : | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এঁর সম্মেলন কক্ষ।। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি রংপুর বিভাগের মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এবং কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের অগ্রগতির বিষয়ে সভায় উপস্থাপন করেন। তিনি জানান, আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী কর্মপরিকল্পনার বিভিন্ন সূচকসমূহ পর্যালোচনাসহ অন্যান্য বিষয়ে ফিডব্যাক প্রদানের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে এ কার্যালয়ের সহকারী কমিশনার, আইসিটি শাখা পূর্ণাঙ্গভাবে সভায় আলোচনা করেন। সভায় অগ্রগতি পর্যালোচনাপূর্বক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ গৃহীত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ |
| ০২ | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রমাণকসমূহ শুদ্ধাচার সেবাবক্সে ও এপিএএমএস সফটওয়্যারে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ |
| ০৩ | ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশ উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ এপিএএমএস সফটওয়্যার ও শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করতে হবে এবং প্রমাণক হিসেবে পুরাতন এবং নতুন ছবি দাখিল করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ |
| ০৪ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ বর্ণিত দুর্নীতি বিরোধী ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম বাস্তবায়নের প্রমাণকসমূহ সংরক্ষণপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ |
| ০৫ | তাঁর কার্যালয়ে ২০২২-২৩ অর্থবছরে গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সূচকের মান ও একক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত 'আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩' অনুযায়ী সংশোধনপূর্বক পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ |

১২৬

| | | |
|---|---|---|
| ০৬ | আঞ্চলিক/ মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর নির্দেশিকা অনুযায়ী জেলা কার্যালয়সমূহের কর্মপরিকল্পনা তৈরির নির্দেশনা থাকলেও জেলা কার্যালয়সমূহের কর্মপরিকল্পনা এবং অগ্রগতি পর্যালোচনা করে অসঙ্গতি দেখা যায়;<br>১। রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলার ১.১ ও ১.২ কার্যক্রমের বিপরীতে সূচকের মান ২ ও ৪ নির্দিষ্ট থাকলেও সেক্ষেত্রে সূচকের মান যথাক্রমে ৪ও ৬ নেয়া হয়েছে যা অসংগতিপূর্ণ। সূচকের মান সঠিকভাবে নির্ধারণ করতে হবে।<br>২। কার্যক্রম নং ৩ এ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম পর্যালোচনায় দেখা যায়, রংপুর জেলার ক্ষেত্রে একক নির্ধারণ করা হয়নি। ঠাকুরগাঁও জেলায় ৩.৩ নং ক্রমিকে সেমিনার ও কর্মশালার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষমাত্রা থাকলেও অগ্রগতিতে অর্জন দেখানো হয়নি। এক্ষেত্রে ৩ নং ক্রমিকের কার্যক্রমসমূহের ক্ষেত্রে সূচক,একক ও লক্ষ্যমাত্রাসহ কার্যক্রম গ্রহণ করে কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৪/২০২৩


মোঃ আবু জাফর
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
রংপুর বিভাগ, রংপুর
ফোনঃ ০২৫৮৮৮-১২০০৩ (অফিস)
ই-মেইল:divcomrangpur@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৫.০৬.০০৬.২০২২. ২৬২/১(৫)

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ / ০২ ~~এপ্রিল~~ মে ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক..........................(সকল), রংপুর বিভাগ, রংপুর।
৫। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রংপুর বিভাগ, রংপুর (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

02/05/2023


(মো: মিজানুর রহমান)
সিনিয়র সহকারী কমিশনার
ফোন-০২৫৮৮৮১২০১১ (অফিস)
ই-মেইল: acgendivcomrangpur@mopa.gov.bd